

## শিক্ষার গুণগত মান উন্নয়নে প্রধানমন্ত্রীর নির্দেশ

পরীক্ষার ফলাফল নিবিড়ভাবে পরিবীক্ষণ ও মূল্যায়ন করে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে সুপরিচালিতভাবে সরকারি অনুদান প্রদানের জন্য প্রধানমন্ত্রী খালেদা জিয়া নির্দেশ প্রদান করেছেন। শিক্ষা প্রতিষ্ঠানসমূহের পাবলিক পরীক্ষার ফলাফলের সঠিক মূল্যায়ন ও তার ভিত্তিতে যথাযথ পদক্ষেপসমূহ সুপারিশ করার জন্য প্রধানমন্ত্রী একটি নিরপেক্ষ সমীক্ষা দফল গঠন করার জন্য শিক্ষামন্ত্রীকে নির্দেশ দেন। এই সমীক্ষা দলে বুদ্ধিজীবী, সাংবাদিক সাবেক শিক্ষক, সমাজসেবী এবং বিশিষ্ট ব্যক্তিবর্গ যাতে অন্তর্ভুক্ত থাকেন সেদিকে দৃষ্টি রাখার জন্য তিনি শিক্ষা মন্ত্রণালয়কে নির্দেশ দেন। বাসস।

প্রধানমন্ত্রীর কার্যালয়ে শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষার গুণগত মান উন্নয়ন সম্পর্কিত এক আলোচনা সভায়

● এশ-পৃষ্ঠা ১১ কলাম ৫

## শিক্ষার গুণগত

● শেখের পাতার পর

গতকাল প্রধানমন্ত্রী উপরোক্ত নির্দেশ দেন। শিক্ষামন্ত্রী সম্প্রতি বাংলাদেশ শিক্ষা তথা ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) কর্তৃক পরিচালিত সমীক্ষার ফলাফল সম্পর্কে প্রধানমন্ত্রীকে অনর্হিত করেন যে, গত বছরের পাবলিক পরীক্ষায় প্রায় ১৪০০ শিক্ষা প্রতিষ্ঠান থেকে কেউই পাস করেনি। উপরদিকে পাবলিক পরীক্ষায় শতকরা ২০ ভাগ ও তার কম সংখ্যক পরীক্ষার্থী পাস করেছে, এমন শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা প্রায় ৮ হাজার। গতকাল শিক্ষা সচিব স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

শিক্ষা ক্ষেত্রে বিশাল বাজেট বরাদ্দ ও বিপুল অর্থ ব্যয়ের পরও কিছু কিছু শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দ ও ব্যবস্থাপনা কমিটির অবহেলার কারণে পাবলিক পরীক্ষার ফলাফলে এ রূপ ব্যর্থতা ও শিক্ষার গুণগত মানের অবনতিতে প্রধানমন্ত্রী অসন্তোষ প্রকাশ করেন এবং ভবিষ্যতে শিক্ষকদের বেতনের শতকরা ৯০ ভাগ যা সরকারি অনুদান হিসেবে দেওয়া হয়, তাতে অধিকতর বৃদ্ধতা ও জবাবদিহিতা আনয়নের ওপর গুরুত্ব আরোপ করেন।

তিনি শিক্ষা মন্ত্রণালয়কে নির্দেশ দেন যে, ভবিষ্যতে যে সব শিক্ষা প্রতিষ্ঠানে পাবলিক পরীক্ষায় ভালো ফলাফল দেখাতে পারবে, সেগুলোতে অধিকতর আর্থিক সহায়তা প্রদান করা হবে। উপরদিকে যেসব প্রতিষ্ঠানের পাবলিক পরীক্ষার ফলাফল অত্যধিক খারাপ হবে সেগুলোতে প্রথমত কারণ দর্শাতে হবে, যাতে সেগুলো পরবর্তী পাবলিক পরীক্ষায় ভালো ফলাফল করতে পারে। পরীক্ষার ফলাফল পর পর প্রকাশ হলে পর্যায়ক্রমে এ সকল নিয়ম মানের শিক্ষা প্রতিষ্ঠান থেকে সরকারি অনুদান প্রত্যাহার করা হবে।